বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
সোনারগাঁও, নারায়ণগঞ্জ
www.sonargaonmuseum.gov.bd

**মাসব্যাপী লোককারুশিল্প মেলা ও লোকজ উৎসব ২০২৫ উপলক্ষ্যে আয়োজিতব্য কর্মসূচিতে অংশগ্রহণের নিয়মাবলী:**

নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁয়ে অবস্থিত বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন (সোনারগাঁও জাদুঘর) প্রাঙ্গণে আগামী ১৫ জানুয়ারি হতে ১৩ ফেব্রুয়ারি ২০২৫ পর্যন্ত "মাসব্যাপী লোককারুশিল্প মেলা ও লোকজ উৎসব ২০২৫" অনুষ্ঠিত হবে। উক্ত মেলা ও উৎসব উপলক্ষ্যে আয়োজিতব্য নিম্নেবর্ণিত কর্মসূচিতে অংশগ্রহণের জন্য আগ্রহীদের নিকট থেকে আবেদন আহবান করে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। নিম্নেবর্ণিত নির্দেশনা অনুসরণ করে সংশ্লিষ্ট ক্ষেত্রে আগ্রহীদের আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

**(ক) দেশীয় কাঁচামালে তৈরি বর্ণিত মাধ্যম অনুযায়ী কারুপণ্য বিপণনের জন্য স্টল বরাদ্দ সংক্রান্ত।**

স্টলের ক্যাটাগরি: জামদানি, দেশীয় পোশাক, নকশিকাঁথা, ক্ষুদ্র-নৃ-গোষ্ঠীর পন্য, পাটজাত কারুপণ্য, কাঠখোদাই কারুপণ্য, মৃৎশিল্পের কারুপণ্য, বাঁশ-বেতশিল্প, ধাতব শিল্প (তামা-কাঁসা-পিতল-লোহা), শতরঞ্জি, দেশীয় অলংকার, চারু ও কারুশিল্প, দেশীয় বাদ্যযন্ত্র এবং ঐতিহ্যবাহী দেশীয় খেলনা। এছাড়া মিষ্টি ও খাবার স্টলের (মিঠাই-মন্ডা/পিঠা/মুড়ি/আচার/প্যাকেটজাত দেশীয় খাবার) জন্যেও আবেদন করতে পারবেন। বি:দ্র: প্লাস্টিক জাতীয় পণ্য ও প্রসাধনী সামগ্রীর কোন স্টল মেলায় বরাদ্দ প্রদান করা হবে না।

অনলাইনে আবেদন করার নিয়মাবলী:

১. আগ্রহী স্টল গ্রহীতাগণ http://folkfair.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ:
   ক. Online-এ আবেদনপত্র পূরণ ও ফি জমাপ্রদান শুরুর তারিখ ও সময়: ২০/১১/২০২৪ খ্রি: সকাল- ১০:০০ টা।
   খ. Online-এ আবেদনপত্র জমাপ্রদানের শেষ তারিখ ও সময়: ২১/১২/২০২৪ খ্রি: বিকাল- ০৫:০০ টা।
২. উক্ত সময়সীমার মধ্যে Serial ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ স্টলের আবেদন ফি জমা দিতে পারবেন।
৩. আবেদন করার প্রক্রিয়া:- http://folkfair.teletalk.com.bd ওয়েবসাইট ঠিকানায় প্রবেশ করে Application Form অপশনে গিয়ে কাঙ্খিত তথ্যানুযায়ী নির্দিষ্ট ফরম পূরণ করে Submit করতে হবে।
৪. Submit করার পর স্টল গ্রহীতার দেয়া তথ্য অনুযায়ী Applicants Preview আসবে যা প্রিন্ট করে সংরক্ষণ করতে হবে। অনলাইনে পূরণকৃত ফরম সিরিয়ালযুক্ত আবেদন ফরমটি স্টল গহীতার রিসিট নম্বর হিসেবে গণ্য হবে।
৫. উক্ত ফরম **সিরিয়াল** দিয়ে প্রথম পর্বের লটারী অনুষ্ঠিত হবে। আবেদন ফরমে একটি ফরম সিরিয়াল নম্বর দেয়া থাকবে এবং ফরম সিরিয়াল নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) ধাপে SMS করে আবেদন ফি বাবদ ফরম ফি (৫০০/-) + সার্ভিস চার্জ (৭৫/-)= সর্বমোট ৫৭৫/- টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন।
৬. বিশেষভাবে উল্লেখ্য, অনলাইনে আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও আবেদনের ফি জমা না দেয়া পর্যন্ত অনলাইন আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না। মোট ১৫টি ক্যাটাগরিতে ১জন গ্রহীতা শুধুমাত্র একটি ক্যাটাগরির ষ্টলের জন্য আবেদন করতে পারবেন। একই জাতীয় পরিচয়পত্র নাম্বার দিয়ে দুই বা ততোধিক ক্যাটাগরির স্টলের জন্য আবেদন করলে প্রথম আবেদনটি ব্যতীত বাকি আবেদন বাতিল বলে গণ্য হবে। অনলাইন ব্যতীত সরাসরি কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।

উদাহরণ:-

**1st - SMS Format**: FOLK <space><Form Serial> and send SMS to **16222**
[Example : FOLK 123456]. 1st-SMS Reply: Returns a PIN (8 Digits) like 23423495
**2nd - SMS Format**: FOLK <space><YES><space><PIN> and send SMS to **16222**
[Example : FOLK YES 23423495]. 2nd-SMS Reply: Returns a FORM SERIAL & PASSWORD

১. অনলাইনে স্টলের আবেদন করার ক্ষেত্রে ফাউন্ডেশনে হেল্পডেস্ক থাকবে। আবেদনকারীগণ ফাউন্ডেশনে এসে হেল্পডেস্ক থেকে সহযোগিতা নিয়ে আবেদন করতে পারবেন।

২. গ্রুপ অনুযায়ী স্টলের সংখ্যা নির্ধারিত থাকবে। প্রাথমিকভাবে আবেদনকারীদের মধ্য থেকে প্রতি গ্রুপে নির্ধারিত সংখ্যক স্টলের ক্ষেত্রে সমান সংখ্যক আবেদনকারীকে প্রথম পর্বে লটারির মাধ্যমে বাছাই করা হবে। লটারির তারিখ পরবর্তীতে জানিয়ে দেয়া হবে।

৩. প্রথম পর্বের লটারির পর বাছাইকৃত আবেদনকারীগণের নিকট থেকে নির্ধারিত ফি বাবদ ২০,০০০.০০ (বিশ হাজার) টাকা ৭ (সাত) দিনের মধ্যে পরিশোধ করতে হবে। পরিশোধের শেষ তারিখ পরবর্তীতে জানিয়ে দেয়া হবে।

৪. স্টলের ফি জমা প্রদানের পর স্টলের ক্রমিক নম্বর দ্বিতীয় পর্বে লটারির মাধ্যমে নির্ধারণ করা হবে এবং দ্বিতীয় পর্বের লটারির তারিখ আগামী ৩১.১২.২০২৪ তারিখের মধ্যে যে কোন সময় জানিয়ে দেয়া হবে।

৫. নির্ধারিত ক্রমিক নম্বর অনুযায়ী কেবলমাত্র অনলাইনে আবেদনকারীকেই (আবেদনপত্রে সংযুক্ত জাতীয় পরিচয় পত্রের ছবির ব্যক্তিকে) স্টলের বরাদ্দ প্রদান করা হবে।

৬. স্টল গ্রহণের নিমিত্ত দাখিলকৃত আবেদনে উল্লিখিত গ্রুপ অনুযায়ী স্টল নম্বর মেনে নিতে হবে। কোনক্রমেই নিজ উদ্যোগে স্টলের স্থানের নম্বর পরিবর্তন করা যাবে না।

৭. প্রতিটি স্টলের পরিমাপ ১০ ফুট চওড়া (সামনের ভাগ) × ১২ ফুট (পিছনের দিকে লম্বা) × ১০ ফুট উচ্চতা অনুযায়ী স্টল হবে। ফাউন্ডেশনের পক্ষ থেকে নির্ধারিত পরিমাপে স্টল নির্মাণ করে দেয়া হবে।

৮. স্টলের বরাদ্দ প্রদান,পরিবর্তন এবং বাতিলের সর্বময় ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত থাকবে।

**(খ) উদ্যোক্তা ক্যাটাগরিতে স্টল বরাদ্দ।**

(১) 'কারুশিল্প উদ্যোক্তা' হিসেবে স্টল গ্রহণের জন্য ফাউন্ডেশনের ওয়েবসাইট www.sonargaonmuseum.gov.bd থেকে নির্ধারিত ফরম ডাউনলোডের মাধ্যমে প্রয়োজনীয় তথ্যাদি ও প্রমাণক সংযুক্ত করে উল্লিখিতসময়ের মধ্যে (২১.১২.২০২৪) সরাসরি দপ্তরে জমা প্রদান অথবা ই-মেইলযোগে director.s.museum@gmail.com আবেদন করতে পারবেন।

(২) আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হতে হবে;

(৩) কারুপণ্যের মান ও ডিজাইন উন্নয়ন, পরিবেশবান্ধব এবং দেশীয় কাঁচামালে তৈরি পণ্য দেশে-বিদেশে বিপণন ও প্রচারে অবদান থাকতে হবে;

(৪) আবেদনের সঙ্গে আবেদনকারীর রঙিন ছবি সংযুক্ত করতে হবে।

(৫) ট্রেড লাইসেন্সের ফটোকপি সংযুক্ত করতে হবে।

(৬) টিন ও ভ্যাট রেজিস্ট্রেশনের কপি সংযুক্ত করতে হবে।

(৭) আবেদনের সঙ্গে বার্ষিক ক্রয়, আয়কর, ভ্যাট ও শুল্ক পরিশোধ, বিনিয়োগ, দেশীয় কাঁচামাল ব্যবহার, কর্মস্থান, রপ্তানিসহ সকল, পরিবেশ রক্ষায় গৃহীত ব্যবস্থা, পণ্যের উন্নয়নে এবং অন্যান্য পুরস্কার ও সম্মননা প্রাপ্তির প্রমাণক (সদন, ছবি, অর্থ পরিশোধের রিসিটসহ সংশ্লিষ্ট ডকুমেন্ট) দাখিল করতে হবে।

(৮) আবেদন যাচাই বাছাই করে উদ্যোক্তা ক্যাটাগরিতে স্টল বরাদ্দের জন্য ২১.১২.২০২৪ তারিখের পর তালিকা চূড়ান্ত করে জানিয়ে দেয়া হবে।

(৯) উদ্যোক্তা ক্যাটাগরিতে চূড়ান্তভাবে নির্বাচিত স্টল গ্রহীতাগণকে নির্ধারিত ফি বাবদ ১০,০০০.০০(দশ হাজার) টাকা ৭ (সাত) দিনের মধ্যে পরিশোধ করতে হবে। পরিশোধের শেষ তারিখ পরবর্তীতে জানিয়ে দেয়া হবে।

(১০) নির্ধারিত সময়ের মধ্যে ফি জমা প্রদান করা না হলে স্টল বরাদ্দ বাতিল বলে গণ্য হবে। স্টলের বরাদ্দ প্রদান,পরিবর্তন এবং বাতিলের সর্বময় ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত থাকবে।

**(গ) কর্মরত কারুশিল্পী প্রদর্শনীতে অংশগ্রহণের জন্য লোককারুশিল্প ক্যাটাগরির শিল্পীদের স্টল বরাদ্দ।**

ঐতিহ্যবাহী লোক ও কারুশিল্পীদের স্বীকৃতি ও উৎসাহ প্রদানের লক্ষ্যে বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন প্রতিবছর মেলা উপলক্ষ্যে কর্মরত কারুশিল্পী প্রদর্শনীর আয়োজন করে থাকে। অংশগ্রহণে ইচ্ছুক কারুশিল্পীকে ফাউন্ডেশনের ওয়েবসাইট www.sonargaonmuseum.gov.bd থেকে নির্ধারিত ফরম ডাউনলোড করে প্রয়োজনীয় তথ্যাদি পূরণপূর্বক আগামী ২১ ডিসেম্বর ২০২৪ এর মধ্যে সরাসরি ফাউন্ডেশন দপ্তরে জমা প্রদান অথবা ই-মেইলযোগে director.s.museum@gmail.comআবেদন করার জন্য অনুরোধ করা হলো। কারুশিল্পীদের স্টল ফাউন্ডেশন থেকে বিনামূল্য প্রদান করা হবে এবং প্রতিদিনের জন্য নির্ধারিত হারে খোরাকী ভাতা প্রদান করা হবে।

১। নিম্নবর্ণিত ক্যাটাগরিতে কারুশিল্পীগণ স্টলের জন্য আবেদন করতে পারবেন।

(ক) মৃৎশিল্প (চিত্রিত মাটির শিল্পকর্ম/মাটির পুতুল/পোড়ামাটির তৈজসপত্র);

(খ) দারুশিল্প (কারুকার্য সংবলিত কাঠখোদাই বা চিত্রিত দারুশিল্প);

(গ) শীতলপাটি, বাঁশ ও বেতের লোক-কারুশিল্প সামগ্রী;

(ঘ) বয়নশিল্প (জামদানি, রেশম ও অন্যান্য তাঁতশিল্প);

(ঙ) নকশি হাতপাখা;

(চ) পাটজাত কারুশিল্প;

(ছ) ধাতব কারুশিল্প;

(জ) অলংকার শিল্প;

(ঝ) নকশিকাঁথা ও সূচিশিল্প;

(ঞ) শঙ্খ, ঝিনুক ও মুক্তাশিল্প;

(ট) শোলা শিল্প এবং হস্তনির্মিত কাগজ শিল্প;
(ঠ) আলপনা ও নকশা;
(ড) পটচিত্র ও রিক্সা পেইন্টিং
(ঢ) বিবিধ লোক ও কারুশিল্প।

(১) আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হতে হবে
(২) কারুপণ্য পরিবেশবান্ধব এবং দেশীয় কাঁচামালে তৈরি হতে হবে। পূর্বে কারুশিল্প মেলায় অংশগ্রহণের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
(৩) আবেদনের সঙ্গে আবেদনকারীর রঙিন ছবি ও জাতীয় পরিচয়পত্রের কপি সংযুক্ত করতে হবে।

**(ঘ) প্রতিদিন লোকজ মঞ্চে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশনের নিমিত্ত শিল্পী/শিল্পীগোষ্ঠী/কলাকুশলী/যন্ত্রীর অংশগ্রহণ।**

মাসব্যাপী লোককারুশিল্প মেলা ও লোকজ উৎসব ২০২৫ উপলক্ষ্যে আয়োজিতব্য নিম্নবর্ণিত লোকজ সাংস্কৃতিক অনুষ্ঠানে লোক সংগীতে অংশগ্রহণের জন্য আগ্রহী শিল্পী/ শিল্পীগোষ্ঠী/ যন্ত্রী/ কলাকুশলীদের ফাউন্ডেশনের ওয়েবসাইট www.sonargaonmuseum.gov.bd থেকে নির্ধারিত ফরম ডাউনলোড করে প্রয়োজনীয় তথ্যাদি পূরণপূর্বক আগামী ২১ ডিসেম্বর ২০২৪ এর মধ্যে সরাসরি ফাউন্ডেশন দপ্তরে জমা প্রদান অথবা ই-মেইলযোগে director.s.museum@gmail.com আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

(১) আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হতে হবে;
(২) আবেদনের সঙ্গে আবেদনকারীর রঙিন ছবি ও জাতীয় পরিচয়পত্রের কপি সংযুক্ত করতে হবে।
(৩) অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য আগ্রহী শিল্পী/শিল্পীগোষ্ঠী/যন্ত্রী/কলাকুশলীদের মঞ্চে লোক সংগীত পরিবেশনের অভিজ্ঞতা থাকা আবশ্যক।

**(ঙ) গ্রামীণ খেলা ও লোকজীবন প্রদর্শনীতে অংশগ্রহণ**

গ্রামীণ খেলা ও লোকজীবন প্রদর্শনীতে অংশগ্রহণের জন্য প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষককে ফাউন্ডেশনের ওয়েবসাইট www.sonargaonmuseum.gov.bd থেকে নির্ধারিত ফরম ডাউনলোড করে প্রয়োজনীয় তথ্যাদি পূরণপূর্বক আগামী ২১ ডিসেম্বর ২০২৪ এর মধ্যে সরাসরি ফাউন্ডেশন দপ্তরে জমা প্রদান অথবা ই-মেইলযোগে director.s.museum@gmail.com আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

কাজী মাহবুবুল আলম
পরিচালক
বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন